

Sattara Centre (15th Floor), 30/A, Nayapaltan, VIP Road, Dhaka-1000, Bangladesh.
Phone : 9332728, 8332712, Fax : 88-02-58315595, E-mail : atab@citech.net, Website : www.atab.org.bd

আটাব/সার্কুলার/২০২৪/২২৫
১৯ মে, ২০২৪ইং

সম্মানিত সকল সদস্য, আটাব।

বিষয়ঃ অবৈধ ট্রাভেল এজেন্সির তথ্য/তালিকা প্রেরণ প্রসঙ্গে।

প্রিয় সদস্যবৃন্দ,

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহ।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানাচ্ছি যে, দেশব্যাপি অবৈধ ট্রাভেল এজেন্সির সংখ্যা বৈধ সংখ্যার চেয়ে প্রায় ১০গুন বেশী বলে বিভিন্ন সময়ে অভিযোগ পাওয়া যায়। দেশের আনাচে-কানাচে, বড় বড় ভবনে, শপিং কমপ্লেক্স, মোবাইল দোকান, কম্পিউটার কম্পোজ দোকান, ট্রেডিং অফিসসহ বিভিন্ন নামের দোকানে/অফিসে ট্রাভেল এজেন্সির লাইসেন্স ব্যতিরেকে এয়ার টিকেটং এর ব্যবসা পরিচালনা করছে। এ অবৈধ ট্রাভেল এজেন্সী যাত্রী সাধারণ তথা ভ্রমণ পিপাসু লোকদের সাথে প্রতারণা ও বিভিন্ন প্যাকেজ, টিকেট ও সেবার নামে টাকা গ্রহন করে লাপাত্তা হয়ে যাচ্ছে।

এই অবৈধ ট্রাভেল এজেন্সির পাশাপাশি বিদেশী অবৈধ ট্রাভেল এজেন্সী, টুর অপারেটর, অনলাইন পোর্টালের নামে বেনামে কোন প্রকার সরকারী লাইসেন্স/অনুমোদন বিহীন দেশের বিভিন্ন যায়গায় অবৈধভাবে ব্যবসা পরিচালনা করছে ও Login ID বিতরণ করে ট্রাভেল এজেন্সীর ব্যবসাকে হুমকির মধ্যে ফেলছে।

আপনাদের অফিসের আসে-পাশে যে সকল অবৈধ দেশী/বিদেশী ট্রাভেল এজেন্সী, টুর অপারেটর ও অনলাইন পোর্টালের সুনির্দিষ্ট তথ্যের আলোকে তালিকা করে নিম্ন বর্ণিত ছক অনুযায়ী আগামী ২৩ মে, ২০২৪ ইং তারিখের মধ্যে ই-মেইল (atab.org.bd@gmail.com) ও হোয়াটসআপে +০১৮৮২০৮৮৭৩৯ এর মাধ্যমে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

ছক

ক্রমিক নং	অবৈধ দেশী/বিদেশী ট্রাভেল এজেন্সী/টুর অপারেটর, অনলাইন পোর্টালের নাম, মালিকের নাম ও ঠিকানা	মোবাইল নম্বর	ই-মেইল	মন্তব্য
-----------	--	--------------	--------	---------

সুনির্দিষ্ট তথ্যের ভিত্তিতে অবৈধ ট্রাভেল এজেন্সি বন্ধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে। এ বিষয়ে আপনাদের সার্বিক সহযোগিতা একান্তভাবে কাম্য।

ধন্যবাদান্তে,



আফিয়া জান্নাত সালেহ

মহাসচিব